

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

তৃতীয় প্রকার যিকর - দ্বিতীয় পর্ব : দিবসের যিকর-ওযীফা - যিকর নং ১১৭ : সদা সর্বদা পালনের একটি বিশেষ দু'আ

اللهم اغفر لي وارحمني واهدني (وعافني) وارزقني

উচ্চারণ: আল্লা-হুম্মাণ্ ফিরলী, ওয়ার'হামনী, ওয়াহদিনী, ওয়া 'আ-ফিনী, ওয়ারযুকনী। অর্থ: "হে আল্লাহ, আমাকে ক্ষমা করুন, আমাকে দয়া করুন, আমাকে সঠিক পথে পরিচালিত করুন, আমাকে সার্বিক নিরাপত্তা ও সুস্থতা দান করুন এবং আমাকে রিযিক দান করুন।"

সাহাবী আবু মালিক আশ'আরী (রাঃ) তাঁর পিতা সাহাবী আসিম (রাঃ) থেকে বর্ণনা করেছেন, কেউ ইসলাম গ্রহণ করলে রাসূলুল্লাহ (সা.) তাকে উপরের বাক্যগুলি দিয়ে বেশি বেশি দু'আ করতে শেখাতেন।[1] মুহতারাম পাঠক, এই দু'আটি আমাদের জীবনের সকল চাওয়া পাওয়া মিটিয়ে দেয়। মুমিনের উচিত সকল ব্যস্ততার মধ্যে এই মুনাজাতটি বলতে থাকা।

ফুটনোট

[1] সহীহ মুসলিম ৪/২০৭৩, নং ২৬৯৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8824

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন